



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.৫১৭

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৭

০৩ জুন ২০২০

বিষয়: মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে নৌপথে ১০৮০০ মে.টন ঢালা গমের চলাচল সূচি।

সূত্র: ১। সাইলো অধীক্ষক, মোংলা সাইলো এর ৩১/০৫/২০২০ খ্রি. তারিখের ১৩.১৩.০০০০.০০৫.৫৩.০০৬.১৬.৩০৬ নং স্মারক।

২। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো এর ৩০/০৫/২০২০ খ্রি. তারিখের

১৩.১০.০০০০.০০৭.৫০.২৮১.০৩.৭৪.১৪৯১ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মোংলা সাইলোতে ০১ বছরের অধিক সময়ের গম মজুত রয়েছে। বর্তমানে বিদেশ হতে আগত গম গ্রহণ করার স্বার্থে কিছু গম ঢালা অবস্থায় সাইলো হতে অন্যত্র প্রেরণ করা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্থ ১ নং স্মারকে অনুরোধ করা হয়েছে। সূত্রস্থ ২ নং স্মারকে নারায়ণগঞ্জ সাইলোতে জাহাজ হতে ঢালা গম খালাসের জন্য দুইটি Stationary Type Ship Unloader ব্যবহার করা হয়। ব্যবহৃত Ship Unloader দুইটির Boom Structure এর Operational Movement (in-out, up-down, left-right) এবং জেটির উচ্চতা বিবেচনায় ৫০০ মে.টন ধারণ ক্ষমতার কম জাহাজ বা বার্জ হতে গম খালাস করা অত্যন্ত ঝুঁকিপূর্ণ। মোংলা সাইলো হতে জাহাজ বা বার্জের ধারণ ক্ষমতা ৫০০ মে.টনের কম জাহাজ নারায়ণগঞ্জ সাইলোতে প্রেরণ না করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে। ০৩/১২/২০১৮ খ্রি. তারিখে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে নৌপথে সুষ্ঠুভাবে খাদ্যশস্য পরিবহণ সংক্রান্ত বিষয়ে মতবিনিময় সভায় সিদ্ধান্ত মোতাবেক এবং "খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮" এর ৪.১৮, ৭.১ (ক) ও ৭.১ (খ) অনুচ্ছেদ মোতাবেক মোংলা সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোতে ঢালা গমের রুট না থাকায় চট্টগ্রাম সাইলো হতে নারায়ণগঞ্জ সাইলোর সর্বনিম্ন দরে ৮৯৪.৫০ টাকা প্রতি মে. টনে (মেজর ক্যারিয়ার, খুলনা ও ডিভিসিসি খুলনা-বরিশাল ঠিকাদারগণের মাধ্যমে) মোংলা সাইলো হতে ওয়ারেন্ট অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে ১০৮০০ মে. টন ঢালা গমের চলাচল সূচি নৌপথে নিম্নোক্তভাবে নির্দেশক্রমে জারি করা হলো। উল্লেখ্য, নারায়ণগঞ্জ সাইলো জেটির উচ্চতা বিবেচনায় ৫০০ মে.টন ধারণ ক্ষমতার কম জাহাজ বা বার্জ হতে গম খালাস করা অত্যন্ত ঝুঁকিপূর্ণ মর্মে সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ মতামতের প্রেক্ষিতে ছোট জাহাজসমূহকে সূচি'র বাহিরে রেখে অবশিষ্ট জাহাজসমূহকে প্রস্তাবিত সূচির জন্য বিবেচনা করা হবে।

নৌপথে গমের চলাচলসূচিঃ

ক্র. নং	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	মোংলা সাইলো	নারায়ণগঞ্জ	নারায়ণগঞ্জ সাইলো	১০৮০০	ঢালা গম	নৌ	চসসা বিভাগ উপসূচি জারি করবেন।
			মোট =	১০৮০০			


পরিবহণের ক্ষেত্রে পালনীয় নির্দেশনাবলিঃ

১। সাইলো অধীক্ষক, মোংলা সাইলো প্রেরক হিসাবে কার্য সম্পাদন এবং ওয়ারেন্ট অনুযায়ী গম পরিবহণ করতে হবে;

২। চসসা বিভাগ হতে ঠিকাদারের ক্রমানুযায়ী উপ-সূচি জারি করা হবে;

- ৩। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম/সমস্যা উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং ত্বরিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন;
- ৪। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না;
- ৫। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে প্রযোজ্য ক্ষেত্রে আখানি/জেখানি/ সাইলো অধীক্ষক/ চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য যে, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথথাতে প্রদর্শন করা যাবে না;
- ৬। ভি-ইনভয়েসে গমে গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;
- ৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;
- ৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপককে খাদ্যশস্য বুঝে নিতে হবে এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী ফ্যাক্সযোগে অধিদপ্তরে প্রেরণ করতে হবে;
- ৯। এ সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুলিপি দিয়ে অবহিত করতে হবে;
- ১০। সূচির মেয়াদ আগামী ১৭/০৬/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;
- ১১। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।



৩-৬-২০২০

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক

প্রাপক :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা
- ২) সাইলো অধীক্ষক, মোংলা সাইলো, বাগেরহাট।
- ৩) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক(খাদ্য), খুলনা।


স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.৫১৭/১(৯)

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪২৭
০৩ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
- ৭) সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো
- ৮) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক,, ।



৩-৬-২০২০

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক